# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 06-05-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ ও গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ রক্ষার ক্ষেত্রে অসামরিক প্রশাসনের প্রস্তুতি খতিয়ে দেখতে আগামীকাল দেশজুড়ে  মকড্রিলের আয়োজন করা হচ্ছে।

২) এরাজ্যে ওয়াকফ আইন নিয়ে আর কোন আন্দোলন নয় বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্পষ্ট জানিয়েছেন। আন্দোলন যদি করতে হয়, তাহলে দিল্লিতে গিয়ে করতে হবে।

৩) ২০১০ সালের পরে রাজ্যের তৈরি ওবিসি সংরক্ষণের তালিকা কলকাতা হাইকোর্ট খারিজ করে দিলেও রাজ্য সরকার সেই নির্দেশ পালন না করায় সমীক্ষা পদ্ধতি নিয়ে প্রশ্ন তুললো উচ্চ ন্যায়ালয়।

৪) এবছরের উচ্চ-মাধ্যমিক পরীক্ষার ফল আগামীকাল প্রকাশিত হচ্ছে।

৫) কলকাতা হাইকোর্ট শহরের সমস্ত রুফটপ রেস্তোঁরা ভাঙার ওপর স্থগিতাদেশ জারি করেছে।

oooooooooooooooooooooo

যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ ও গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ রক্ষার ক্ষেত্রে অসামরিক প্রশাসনের প্রস্তুতি খতিয়ে দেখতে আগামীকাল দেশ জুড়ে মক ড্রিলের আয়োজন করা হচ্ছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে সারা দেশে ২৫৯ টি স্থানে মহড়ার আয়োজন করা হবে । এরাজ্যের কলকাতা সহ মোট ৩১ টি যায়গায় মহড়া দেওয়া হবে বলে সরকারি সূত্রে জানা গেছে।

স্বরাষ্ট্র মন্ত্রক যে যে বিষয়ে মহড়া দিতে বলেছে, তার মধ্যে অন্যতম— বিমান হামলার সতর্কতা সাইরেন ব্যবস্থাকে সক্রিয় করা, নাগরিকদের সুরক্ষার স্বার্থে সাধারণ মানুষ, বিশেষত পড়ুয়াদের ভূমিকা কী হবে, হঠাৎ ব্ল্যাকআউট হলে কী করণীয় এবং জরুরি পরিস্থিতিতে কী ভাবে দ্রুত উদ্ধারকাজ চালানো হবে ইত্যাদী।

মক ড্রিলের প্রস্তুতি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন রাজ্যের প্রতিনিধিদের সঙ্গে আজ বৈঠক করেন । রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, বিপর্যয় মোকাবিলা দফতরের সচিব রাজেশ সিনহা, ডিজি সিভিল ডিফেন্স জগমোহন প্রমুখ বৈঠকে উপস্থিত ছিলেন।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট - অভিরূপ)

oooooooooooooooooooooo

**সাম্প্রতিক পহেগাঁও সন্ত্রাসবাদী হামলা এবং আঞ্চলিক উত্তেজনার প্রেক্ষিতে নিউ জলপাইগুড়ি রেল স্টেশনজুড়ে নিরাপত্তা জোরদার করেছে রেলওয়ে প্রোটেকশন ফোর্স। স্টেশনে চলছে ২৪ ঘণ্টার টহল, নিয়মিত প্ল্যাটফর্ম ও ট্র্যাক পরিদর্শন , মোতায়েন করা হয়েছে ডগ স্কোয়াড ও বোমা শনাক্তকারী ইউনিট।**

oooooooooooooooooooooo

কাশ্মীরের পহেলগাঁও-এ জঙ্গি হামলায় নিহতদের মধ্যে পশ্চিমবঙ্গের দুই বাসিন্দার পরিবারের হাতে রাজ্যের তরফে আজ আর্থিক সাহায্য তুলে দেওয়া হয়। পুরমন্ত্রী ফিরহাদ

হাকিম বেহালায় সমীর গুহর বাড়িতে গিয়ে তার পরিবারের হাতে এককালীন ১০ লক্ষ টাকা তুলে দেন।

অন্যদিকে, ক্রীড়া ও যুব কল্যাণমন্ত্রী অরূপ বিশ্বাস বৈষ্ণবঘাটা লেনের বিতান অধিকারীর বাড়িতে গিয়ে তার পরিবারের হাতে আর্থিক সহায়তা প্রদান করেন। এছাড়াও বিতানের বাবার নামে পেনশন ফান্ডের ব্যবস্থা করা এবং মায়ের নামে স্বাস্থ্য সাথী কার্ডও তুলে দেন।

উল্লেখ্য, পহেলগাঁও জঙ্গি হামলায় পশ্চিমবঙ্গের তিন বাসিন্দা প্রাণ হারান।

oooooooooooooooooooooo

কাশ্মীরে জঙ্গি হামলার পর দু'সপ্তাহ পেরিয়ে গেলেও, এখনও কোনও পদক্ষেপ নেওয়া হল না কেন সমাজ মাধ্যমে এই প্রশ্ন তুলেছে তৃণমূল কংগ্রেস। ঘটনার ১৪ দিন পর আজ তৃণমূলের তরফে সমাজ মাধ্যমে ১৪ দফা প্রশ্ন তোলা হয়েছে।

তদন্তের অগ্রগতি কী, কেন কোনও জঙ্গি ধরা পড়ল না, কেন প্রধানমন্ত্রী বিহারে নির্বাচনী প্রচারকে এই সময়ে অগ্রাধিকার দিচ্ছেন—এই সমস্ত প্রশ্ন তোলা হয়।

দু' সপ্তাহ ধরে কেন্দ্র কী করছে তা নিয়ে প্রশ্ন তুলে সমাজ মাধ্যমে সরব হন তৃণমূলের রাজ্য সভার সাংসদ সাগরিকা ঘোষও।

oooooooooooooooooooooo

এরাজ্যে ওয়াকফ আইন নিয়ে আর কোন আন্দোলন নয় বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্পষ্ট জানিয়েছেন। তিনি আজ মুর্শিদাবাদে সুতির ছাবঘাটি কেডি বিদ্যালয়ের মাঠে সভামঞ্চ থেকে বলেন, যাদের আন্দোলন করা দরকার তারা দিল্লিতে কেন্দ্রের কাছে যান। তৃণমূল কংগ্রেস, NRC নিয়ে আন্দোলন করেছে, ওয়াকফ নিয়েও তারাই লড়বে বলে জানিয়ে দেন তিনি। রাজ্যের মানুষকে বিজেপি সহ কোন রাজনৈতিক দল বা মৌলবাদীদের কথা শুনে প্ররোচিত না হওয়ারও আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এদিকে, বিজেপি তাদের বিরুদ্ধে দাঙ্গায় প্ররোচনায় দেওয়ার অভিযোগ খারিজ করে দিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ এক সাংবাদিক সম্মেলনে বলেন, তাদের দল কোনভাবেই দাঙ্গা-হিংসায় জড়িত নয় বা ছিলও না।

(বাইট – শুভেন্দু)

বিজেপি মুর্শিদাবাদে স্থায়ীভাবে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনেরও দাবী জানিয়েছে। কলকাতায় আজ মালদা ও মুর্শিদাবাদ সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে হিন্দুদের উপর আক্রমণ এবং মানবাধিকার লঙ্ঘনের প্রতিবাদে রাজ্য মানবাধিকার কমিশনের দপ্তরের সামনে এক ধর্ণা অবস্থানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, মুর্শিদাবাদে বিএসএফ না থাকলে পুলিশকেও হত্যা করা হত । মুর্শিদাবাদের ঘটনায় ৩৫জন পুলিশ কর্মী আহত, ৯০০পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। তাসত্ত্বেও মাত্র ৪০জনকে মুখ্যমন্ত্রী আর্থিক সহায়তা দিয়েছেন। তবে এরা কেউই প্রকৃত ক্ষতিগ্রস্ত পরিবার নয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদ সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ সুতিতে এক পরিষেবা প্রদান অনুষ্ঠানে যোগ দেন। তার আগে সামশেরগঞ্জ ব্লক অফিসে ওয়াকফ আইনে হিংসার জেরে ক্ষতিগ্রস্তদের হাতে আর্থিক সাহায্য বাবদ চেক তুলে দেন। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – মামুন)

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, সভামঞ্চ থেকে মুখ্যমন্ত্রীর শহীদ পরিবারকে আর্থিক সহায়তা দেওয়ার সমালোচনা করেছেন। সাংবাদিকদের তিনি আজ বলেন, নদীয়ায় ঝন্টু আলি শেখের বাড়িতে রাজ্য সরকারের তরফে কেউ যাননি, কাউকে পাঠানোও হয়নি। রাজনৈতিক মঞ্চে এভাবে আর্থিক সহায়তা দেওয়াকে শহীদের অপমান বলে দাবি করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

২০১০ সালের পরে রাজ্যের তৈরি অন্যান্য অনগ্রসর শ্রেণী ওবিসি সংরক্ষণের তালিকা খারিজ করে হাইকোর্ট নতুন করে সমীক্ষা করার নির্দেশ দিলেও রাজ্য সরকার সেই নির্দেশ পালন না করায় সমীক্ষা পদ্ধতি নিয়ে প্রশ্ন তুললো কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি রাজাশেখর মান্থার ডিভিশন বেঞ্চের প্রশ্ন যে ১১৩-টি ওবিসি সম্প্রদায়কে হাইকোর্ট বাতিল করেছিল, সেই সম্প্রদায়গুলি থেকেই কেন আবেদন গ্রহণ করছে রাজ্য ব্যাকওয়ার্ড ক্লাস কমিশন। তাদের আরও প্রশ্ন কমিশন কেন নিজে কোন বিজ্ঞপ্তি জারি করেনি। আদালতের বক্তব্য, যারা নিজেদেরকে ওবিসি বলে দাবি করেন, এমন সম্প্রদায়কে কেন সুযোগ দেওয়া হচ্ছে না। কেনইবা ওই সমীক্ষা সম্পর্কে কেউ জানতে পারছে না। আদালত নির্দেশ দিয়েছে, অবিলম্বে এই সংক্রান্ত বিজ্ঞপ্তি বহুল প্রচারিত সংবাদমাধ্যমে প্রকাশ করতে হবে। যার ভিত্তিতে সমীক্ষার জন্য নতুন নতুন সম্প্রদায় থেকে কমিশন আবেদন গ্রহণ করতে পারে। পাশাপাশি বিডিওদেরও স্থানীয় পঞ্চায়েতকে ওয়াকিবহাল করার ব্যাপারে নির্দেশ দিতে হবে।

এদিনের শুনানিতে কমিশন প্রথমে তাদের ত্রুটি মানতে না চাইলেও পরে তারা আদালতের বক্তব্য মেনে নেয়। কিন্তু এখনই চলতি সমীক্ষা পদ্ধতির ওপর হাইকোর্ট যাতে হস্তক্ষেপ না করে তার আবেদন জানান। হাইকোর্ট তাতে সাময়িকভাবে রাজি হলেও, কমিশনকে হলফনামা দিয়ে সমীক্ষা পদ্ধতি সম্পর্কে জানাতে বলেছে। আগামী ১৯-শে জুন পরবর্তী শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট, শহরের সমস্ত রুফটপ রেস্তোরা ভাঙার উপর স্থগিতাদেশ জারি করেছে। ন্যশনাল রেস্টুরেন্ট অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার দায়ের করা মামলায় বিচারপতি গৌরাঙ্গ কান্তের বেঞ্চ যাবতীয় ভাঙ্গার নির্দেশ দুসপ্তাহের জন্য স্থগিত করে দিয়েছেন । তবে ওইসব রূফ টপ রেস্তোরা আগামী দু সপ্তাহ বন্ধ রাখতে হবে বলেও নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

যেসব রেস্টুরেন্ট কে ভাঙ্গার নোটিশ পাঠিয়েও, তাদের কোন বক্তব্য শুনেনি পুরসভা, তাদের ডেকে শুনানি করে তারপরেই পদক্ষেপে করতে নির্দেশ দেওয়া হয়েছে পুর কতৃপক্ষকে ।

এই নির্দেশের পরে কিছুটা হলেও স্বস্তিতে কলকাতা বিভিন্ন রুফটপ রেস্তোরাঁর মালিকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আগামীকাল প্রকাশিত হবে । দুপুর দুটো থেকে পরীক্ষার্থীরা অনলাইনে ফলাফল জানতে পারবেন । পরদিন অর্থাৎ বৃহস্পতিবার ৮ ই মে সকাল ১০ টা থেকে সংসদের চারটি জোনের ৫৫ টি ডিস্ট্রিবিউশন কেন্দ্র থেকে মার্কশিট ও শংসাপত্র স্কুলগুলিকে দেওয়া হবে।

যেসব ওয়েবসাইটে ফলাফল জানা যাবে সেগুলি হল - result.wb.gov.in

https://results.digilocker.gov.in

উল্লেখ্য, এবার পরীক্ষা শেষের ৫০ দিনের মাথায় ফলপ্রকাশ করা হচ্ছে। প

৫ লক্ষ ৯ হাজার ছাত্র ছাত্রী এবার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বসেন। গত বছরের তুলনায় এবার পরীক্ষার্থীর সংখ্যা কিছুটা কমেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের স্পটলাইট-এর বিষয় 'WAVES'। এতে অংশ নিয়েছেন অ্যানিমেট জোনের কো ফাউন্ডার শুভ্র চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা।

তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার প্রথম পর্ব শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ এর সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

দ্বিতীয় এবং তৃতীয় পর্ব শুনবেন চলতি সপ্তাহে বৃহস্পতিবার ও রবিবার।